## অধ্যায়-৪: বাংলায় কোম্পানি ও ঔপনিবেশিক শাসন

১৯১. সিপাহি বিদ্রোহের গুরুত্বপূর্ণ ফলাফল ছিল কোনটি? (অনুধাবন) [বি এ এফ শাহীন কলেজ, ঢাকা]
ক কোম্পানি শাসনের অবসান
খ স্বত্ববিলোপ নীতি
গ সামরিক সংস্কার
ঘ রাজনৈতিক দলের জন্ম — ক

১৯২. বাংলায় মুঘল শাসনের গোড়াপত্তন করেন কে? (জ্ঞান)
ক সম্রাট আকবর খ দাউদ খান কররানী
গ সম্রাট জাহাঙ্গীর ঘ মুর্শিদ কুলি খান — ক

১৯৩. কত খ্রিস্টাব্দে সম্রাট আকবর তার দীন-ই-ইলাহী ঘোষণা করেন? [শ্রীনগর সরকারি কলেজ, মুন্সিগঞ্জ]
ক ১৫৮০ খ ১৫৮১
গ ১৫৮২ ঘ ১৫৮৩ — গ

১৯৪. পাকিস্তানি শাসকগোষ্ঠীর হাত থেকে বাংলাকে মুক্ত করতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মরণীয় অবদান রাখেন। বাংলাকে মুঘল নিয়ন্ত্রণ মুক্ত করতে বঙ্গবন্ধুর সাথে কোন নবাবের সাদৃশ্য রয়েছে? (প্রয়োগ)
ক নবাব আলীবর্দী খানের
খ নবাব মুর্শিদ কুলি খানের
গ নবাব সিরাজউদ্দৌলার
ঘ নবাব মীর কাসিমের — খ

১৯৫. নবাবি শাসনামলে বাংলার উন্নতিকে কোন দেশের উন্নতির সাথে তুলনা করা হতো? (জ্ঞান)
ক ভারত খ ইউরোপ
গ আফ্রিকা ঘ অস্ট্রেলিয়া — খ

১৯৬. বক্সারের যুদ্ধে কোম্পানির হাতে বাংলায় কোন নবাবের পরাজয় হয়? (জ্ঞান)
ক নবাব সিরাজউদ্দৌলার
খ নবাব আলিবর্দি খানের
গ নবাব মীর কাসিমের
ঘ নবাব মীরজাফরের — গ

১৯৭. ফখরুখশিয়ারের ফরমানকে ইংরেজ কোম্পানির ম্যাগনা কার্টা বলা হয় কেন? (উচ্চতর দক্ষতা) [কবি নজরুল সরকারি কলেজ, ঢাকা]
ক ইংরেজরা বাংলায় বাণিজ্য কুঠি স্থাপন করার অনুমতি পায় বলে
খ মুঘল সম্রাটের সাথে সুসম্পর্ক স্থাপিত হয় বলে
গ ভারতবর্ষে স্থায়ী বসবাসের সুযোগ পায় বলে
ঘ শুল্কমুক্ত, অবাধ ও একচেটিয়া বাণিজ্যিক সুবিধা লাভ করে বলে — ঘ

১৯৮. পলাশীর যুদ্ধে ইংরেজ সেনাপতি কে ছিলেন? (জ্ঞান)
ক রবার্ট ক্লাইভ খ ওয়াটসন
গ ভ্যান্সিটার্ট ঘ ওয়ারেন হেস্টিংস — ক

১৯৯. কত সালে 'এলাহাবাদ চুক্তি' সম্পাদিত হয়? (জ্ঞান)
ক ১৭৫৭ খ ১৭৬০
গ ১৭৬৪ ঘ ১৭৬৫ — ঘ

২০০. জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ড ঘটে— (জ্ঞান) [আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা]
ক ১৯১৮ সালের ১৩ এপ্রিল
খ ১৯১৯ সালের ১৩ এপ্রিল
গ ১৯১৯ সালের ২৩ এপ্রিল
ঘ ১৯১৯ সালের ২৫ এপ্রিল — খ

২০১. প্রথম কোন বাঙালি মুসলমান অন্যায়ের বিরুদ্ধে ন্যায়ের সংগ্রামে আত্মোৎসর্গ করতে কুণ্ঠিত হননি? (জ্ঞান) [আনোয়ারা বিশ্ববিদ্যালয় কলেজ, চট্টগ্রাম]
ক নবাব আব্দুল লতিফ খ এ কে ফজলুল হক
গ তিতুমীর ঘ হাজি শরীয়তউল্লাহ — গ

২০২. দুদু মিয়াকে অত্যাচারিত কৃষকেরা ত্রাণকর্তা মনে করেন কেন? (অনুধাবন) [পার্বতীপুর আদর্শ ডিগ্রী কলেজ, দিনাজপুর]
ক ব্রিটিশ বিরোধী আন্দোলনে প্রাথমিকভাবে সফল হয়েছিলেন বলে
খ অত্যাচারী জমিদারদের বিরুদ্ধে জয়লাভ করেছিলেন বলে
গ সিপাহি বিদ্রোহে সরাসরি অংশগ্রহণ করেছিলেন বলে
ঘ নীলকর সি. অ্যান্ডু অ্যান্ডারসন ডানলপের বিরুদ্ধে সফল হয়েছিলেন বলে — খ

২০৩. তিতুমীরের বিদ্রোহ মুসলমানদের মনে কোন ধরনের প্রেরণা জুগিয়েছে? (অনুধাবন) [সরকারি সোহরাওয়ার্দী কলেজ, পিরোজপুর]
ক বাঁশের কেল্লা তৈরির প্রেরণা জুগিয়েছে
খ বিভেদনীতির প্রেরণা জুগিয়েছে
গ আত্মরক্ষায় সেনা প্রশিক্ষণের প্রেরণা জুগিয়েছে

২০৪. বারাসাত বিদ্রোহের নেতৃত্ব দেন কে? (জ্ঞান)
ক সৈয়দ আমীর আলী খ দুদু মিয়া
গ হাজি শরীয়তুল্লাহ ঘ তিতুমীর — ঘ

২০৫. ইংরেজদের বিরুদ্ধে প্রথম স্বাধীনতা আন্দোলনের বহিঃপ্রকাশ ঘটায় কারা? (জ্ঞান)
ক মুসলমানরা খ হিন্দুরা
গ বৌদ্ধরা ঘ জৈনরা — ক

২০৬. সিপাহি বিপ্লবের মূল কারণ কোনটি? (জ্ঞান)
ক ধর্মীয় খ সামরিক
গ অর্থনৈতিক ঘ সামাজিক — খ

২০৭. মোল্লা জহির হিন্দু ও মুসলমানদের ধর্মনাশের জন্য এক ধরনের প্রসাধনী তৈরি করেন যাতে গরু ও শূকরের চর্বি মেশানো থাকত। এ প্রসাধনী সিপাহি বিপ্লবের কোন বিষয়টির প্রতিনিধিত্ব করছে? (প্রয়োগ)
ক এনফিল্ড রাইফেল
খ ইংরেজি ভাষার প্রচলন
গ পূজার জন্য শিশুদের উৎসর্গ বন্ধ করা
ঘ বাল্যবিবাহ বন্ধ করা — ক

Teachingbd.com

২০৮. উপমহাদেশের সর্বপ্রথম গৌরবময় বিপ্লব ছিল কোনটি? (জ্ঞান) [রাজশাহী সরকারি কলেজ]
ক সিপাহি বিপ্লব খ ফকির বিদ্রোহ
গ কৃষক আন্দোলন ঘ স্বদেশি আন্দোলন ক

২০৯. ভারতীয় উপমহাদেশের সর্ব প্রথম গৌরবময় বৃহত্তম সংগ্রাম কোনটি? (জ্ঞান)
ক পলাশী যুদ্ধ খ ফরায়েজি আন্দোলন
গ সিপাহি বিদ্রোহ ঘ নীল বিদ্রোহ গ

২১০. '*The Indian War of Independence*' গ্রন্থটির রচয়িতা কে? (জ্ঞান)
ক কিশোরী লাল মিত্র খ সাভারকার
গ জন ডেভিড
ঘ সম্রাট দ্বিতীয় বাহাদুর শাহ খ

২১১. ইমামবাড়া প্রতিষ্ঠিত হয় কত খ্রিস্টাব্দে? (জ্ঞান)
ক ১৮৩৬ খ ১৮৪৮
গ ১৮৫০ ঘ ১৮৫৫ ক

২১২. হাজি শরীয়তউল্লাহ ভারতীয় উপমহাদেশকে দারুল হরব বলেছেন কেন? (অনুধাবন) [ক্যান্টনমেন্ট কলেজ, কুমিল্লা সেনানিবাস]
ক বিবাহ অনুষ্ঠানে নৃত্যগীত প্রচলিত ছিল বলে
খ জুমার নামাজ পড়া নিষিদ্ধ ছিল বলে
গ পির পূজা ও মাজার পূজা করা হতো বলে
ঘ ব্রিটিশরা এ দেশ শাসন করত বলে ঘ

২১৩. বাংলার মুসলিম সমাজের আধুনিকায়ন প্রথম শুরু করেছিলেন কে? (জ্ঞান)
ক সৈয়দ আমীর আলী
খ নবাব আবদুল লতিফ
গ তিতুমীর
ঘ হাজি মুহম্মদ মোহসিন খ

২১৪. মোহামেডান লিটারারি সোসাইটি এর প্রতিষ্ঠাতার নাম কী? (জ্ঞান)
ক সৈয়দ আমীর আলী খ রামমোহন রায়
গ সৈয়দ আহমদ খান
ঘ নবাব আবদুল লতিফ ঘ

২১৫. সেন্ট্রাল ন্যাশনাল মোহামেডান এসোসিয়েশন কে গঠন করেন? (জ্ঞান) [বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা]
ক নবাব আব্দুল লতিফ
খ হাজি মুহম্মদ মোহসিন
গ তিতুমীর ঘ সৈয়দ আমির আলী ঘ

২১৬. ভারতীয় মুসলমানদের প্রথম রাজনৈতিক সংগঠনের নাম কী? (জ্ঞান)
ক ন্যাশনাল কংগ্রেস
খ সেন্ট্রাল ন্যাশনাল মোহামেডান এসোসিয়েশন
গ বিজেপি ঘ ন্যাশনাল পার্টি খ

২১৭. 'এ শর্ট হিস্টরি অব দ্যা স্যারাসিনস'-গ্রন্থটির রচয়িতা কে? (জ্ঞান)
ক সৈয়দ আহমদ
খ সম্রাট দ্বিতীয় বাহাদুর শাহ
গ সৈয়দ আমীর আলী
ঘ রাজা রামমোহন রায় গ

২১৮. নিচের কোনটি সর্বভারতীয় রাজনৈতিক সংগঠন? (অনুধাবন)
ক বেঙ্গল ল্যান্ড হোল্ডার্স সোসাইটি
খ ইন্ডিয়া এসোসিয়েশন
গ সেন্ট্রাল ন্যাশনাল মোহামেডান এসোসিয়েশন
ঘ জাতীয় কংগ্রেস ঘ

২১৯. ব্রিটিশ ভারতে মোট জনসংখ্যার কত ভাগ মুসলমান ছিল? (জ্ঞান)
ক এক-তৃতীয়াংশ খ এক-চতুর্থাংশ
গ এক-পঞ্চমাংশ ঘ অর্ধেক গ

২২০. ইউনাইটেড ইন্ডিয়ান প্যাট্রিওটিক এসোসিয়েশনের প্রতিষ্ঠাতা কে? (জ্ঞান)
ক নবাব আবদুল লতিফ
খ স্যার সৈয়দ আহমদ
গ সৈয়দ আমীর আলী
ঘ হাজি মুহম্মদ মোহসিন খ

২২১. 'মোহামেডান ডিফেন্স এসোসিয়েশন' এর প্রতিষ্ঠাতা কে? (জ্ঞান)
ক হাজি শরীয়তুল্লাহ
খ নবাব আবদুল লতিফ
গ হাজি মুহম্মদ মোহসিন
ঘ স্যার সৈয়দ আহমদ ঘ

২২২. ভারতীয় উপমহাদেশের প্রথম রাজনৈতিক দলের নাম কী? (জ্ঞান) [সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া]
ক ভারতীয় মুসলিম লীগ
খ ভারতীয় জনতা পার্টি
গ ভারতীয় জাতীয় কংগ্রেস
ঘ ভারতীয় পিপলস পার্টি গ

২২৩. ইংরেজ শাসনের প্রতি অবিচল আনুগত্যই হবে এই প্রতিষ্ঠানের মূলভিত্তি— কোন প্রতিষ্ঠানকে ইঙ্গিত করা হয়েছে? (জ্ঞান) [পঞ্চগড় সরকারি মহিলা কলেজ]
ক মুসলিম লীগ খ কৃষক শ্রমিক দল
গ প্রজা পার্টি ঘ কংগ্রেস ক

২২৪. 'The Bengalee' পত্রিকাটি সম্পাদনা করেন কে? (জ্ঞান)
ক নবাব সলিমুল্লাহ
খ নবাব আবদুল লতিফ
গ সুরেন্দ্রনাথ ঘ রবীন্দ্রনাথ ঠাকুর গ

২২৫. মুসলিম লীগ প্রতিষ্ঠার ফলে কী হয়? (অনুধাবন)
ক মুসলমানদের মনে আত্মজাগরণ ঘটে
খ মুসলমানরা সামাজিকভাবে অপদস্ত হয়
গ মুসলমানদের ধর্মচিন্তা বৃদ্ধি পায়
ঘ হিন্দু-মুসলমান দ্বন্দ্ব সৃষ্টি হয় ক

২২৬. অভিভক্ত বাংলার ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলো কোথায় গড়ে উঠেছিল? (জ্ঞান)
ক উড়িষ্যায় খ পাটনায়
গ কলকাতায় ঘ মাদ্রাজে গ

Teachingbd.com

২২৭. **১৯০৫ সালে সরকার বঙ্গপ্রদেশ বিভক্ত করে মুসলিম সংখ্যাগরিষ্ঠ এলাকা নিয়ে দুটি প্রদেশ গঠন করে। প্রদেশ দুটি কী?** [বিএএফ শাহীন কলেজ, যশোর]
ⓚ আসাম ও পশ্চিমবঙ্গ
ⓚ পূর্ব বাংলা ও আসাম
ⓖ নদীয়া ও আসাম
ⓘ পূর্ব বাংলা ও পশ্চিমবঙ্গ **খ**

২২৮. **'পূর্ব বাংলা ও আসাম' নামের নতুন প্রদেশের রাজধানী করা হয় কোনটি?** (জ্ঞান)
ক ঢাকা খ আসাম
গ কলকাতা ঘ সোনারগাঁও **ক**

২২৯. **বঙ্গভঙ্গের পক্ষে মুসলিম জনমতকে সংগঠিত করার উদ্যোগ নেন কে?** (জ্ঞান)
ক স্যার সলিমুল্লাহ খ সৈয়দ আমীর আলী
গ সৈয়দ আহমদ আলী ঘ নবাব আবদুল লতিফ **ক**

২৩০. **বাংলাকে বিভক্ত করাটা প্রকৃতি বিরুদ্ধ এবং অন্যায় কাজ বলে মন্তব্য করে কোন দল?** (জ্ঞান)
ক কংগ্রেস খ মুসলিম লীগ
গ বিজেপি
ঘ ইন্ডিয়া এ্যাসোসিয়েশন **ক**

২৩১. **বঙ্গভঙ্গকে রদ করার জন্য প্রবল আন্দোলন সংগঠিত করে কোন দল?** (জ্ঞান)
ক কংগ্রেস খ মুসলিম লীগ
গ ইন্ডিয়া এসোসিয়েশন ঘ বিজেপি **ক**

২৩২. **অসহযোগ আন্দোলনের পরিণতি কী?** (অনুধাবন)
ক ব্যর্থ হয় খ সার্থক হয়
গ স্থগিত হয়
ঘ ব্যাপক আকার ধারণ করে **ক**

২৩৩. **লাহোর প্রস্তাবের উত্থাপক কে?** (জ্ঞান)
ক খাজা নাজিমউদ্দিন
খ শেরে বাংলা এ. কে. ফজলুল হক
গ মুহম্মদ আলী জিন্নাহ.
ঘ হোসেন শহীদ সোহ্‌রাওয়াদী **খ**

২৩৪. **'শাসনতন্ত্র সম্পর্কে কংগ্রেস ও লীগের মধ্যে সমঝোতা হোক বা না হোক ১৯৪৮ সালের জুন মাসের মধ্যেই ব্রিটিশ সরকার ভারতীয়দের হাতে ক্ষমতা হস্তান্তর করবে'। অ্যাটলির এ ঘোষণাটি ইতিহাসে কী নামে পরিচিত?** (প্রয়োগ)
ক ফেব্রুয়ারি ঘোষণা খ জুনের ঘোষণা
গ ক্যাবিনেট মিশন প্ল্যান
ঘ লাহোর প্রস্তাব **ক**

২৩৫. **ফোর্ট উইলিয়াম দুর্গটি কোথায় নির্মিত হয়?** (জ্ঞান)
ক সুতানটি খ গোবিন্দপুর
গ কলকাতা ঘ বিহার **গ**

২৩৬. **ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানি বাংলায় রাজনৈতিক তৎপরতা শুরু করতে সক্ষম হওয়ার কারণ কী?** (অনুধাবন)
ক কোম্পানির প্রশাসনিক যোগ্যতা
খ বাংলার অভ্যন্তরীণ রাজনৈতিক দুর্বলতা
গ বাংলার প্রাকৃতিক দুর্যোগের ধ্বংসলীলা
ঘ নবাবদের বিলাসবহুল জীবনযাপন **খ**

২৩৭. **'তরিকা-ই-মোহাম্মদীয়া' মতবাদটির প্রবর্তক কে?** (জ্ঞান)
ক হাজি শরীয়তুল্লাহ খ আব্দুল ওহাব
গ সৈয়দ আহম্মদ শহীদ
ঘ মীর নিসার আলী **গ**

২৩৮. **সিপাহি বিদ্রোহকে 'জাতীয় বিপ্লব' বলে আখ্যায়িত করেন কে?** (জ্ঞান)
ক আর্ল স্টানলি খ ডিজরেলি
গ ফরেস্টর ঘ ডাফ **খ**

২৩৯. **বাংলার মুসলিম সমাজে শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণি গড়ে উঠেছিল কার প্রচেষ্টায়?** (জ্ঞান)
ক নবাব আবদুল লতিফের
খ সৈয়দ আমীর আলীর
গ সৈয়দ আহমেদের
ঘ হাজি মুহম্মদ মোহসিনের **ক**

২৪০. **ঐতিহাসিক ছয়দফা দাবিকে বলা হয় বাঙালি জাতির মুক্তির সনদ। ছয়দফা দাবির সাথে ব্রিটিশ আমলের কোনটির তুলনা করা যায়?** (প্রয়োগ)
ক সাম্প্রদায়িক রোয়েদাদ খ লক্ষ্ণৌ চুক্তি
গ লাহোর প্রস্তাব ঘ বেঙ্গল প্যাক্ট **গ**

২৪১. **বাংলার দেওয়ানি লাভের পরও ইস্ট ইন্ডিয়া কোম্পানি রাজস্ব আদায়ের দায়িত্ব নেননি। কারণ—** (অনুধাবন)
i. কোম্পানির দক্ষ জনবলের অভাব
ii. প্রয়োজনীয় রেকর্ড-এর অভাব
iii. রাজস্ব ব্যবস্থা সম্পর্কে অনভিজ্ঞতা
**নিচের কোনটি সঠিক ?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

২৪২. **নবাব সলিমুল্লাহ সিমলা বৈঠকে অংশগ্রহণকারী প্রতিনিধি দলের সদস্যদের কাছে পৃথক রাজনৈতিক সংগঠন প্রতিষ্ঠার প্রয়োজনীয়তা সম্পর্কিত একটি প্রস্তাব প্রেরণ করেন। এর কারণ ছিল—** (অনুধাবন)
i. মুসলমানদের ন্যায্য অধিকার আদায়
ii. মুসলমানদের স্বার্থ সংরক্ষণ
iii. ইসলাম শিক্ষা সম্প্রসারণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

২৪৩. **১৯০৫ সালের বঙ্গভঙ্গের ফলে—** (অনুধাবন)
i. মুসলিম জাতীয়তাবাদী চেতনা বিকাশ ত্বরান্বিত হয়
ii. হিন্দু-মুসলিম সম্প্রীতি বৃদ্ধি পায়
iii. মুসলিম মধ্যবিত্ত সমাজের বিকাশ ত্বরান্বিত হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

Teachingbd.com

**২৪৪. বঙ্গভঙ্গের উদ্দেশ্য ছিল—** (অনুধাবন)
i. ঐক্যবদ্ধ আন্দোলন দমন
ii. পূর্ব বাংলার উন্নয়ন সাধন
iii. ইংরেজ শাসন দীর্ঘস্থায়ীকরণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

**২৪৫. খেলাফত ও অসহযোগ আন্দোলন ভারতীয় জনমনে যে ধরনের প্রভাব ফেলে—** (অনুধাবন)
i. আত্ম সচেতনতা বৃদ্ধিতে সহায়তা করে
ii. অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনে আশান্বিত করে
iii. অধিকারবোধ বৃদ্ধিতে সহায়তা করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

**২৪৬. অসহযোগ আন্দোলনের কর্মসূচি হিসেবে কংগ্রেস যেসব কর্মকাণ্ড পরিচালনা করে তার মধ্যে রয়েছে—** (অনুধাবন)
i. সরকারি চাকরি ও পদবি ত্যাগ
ii. আইন ব্যবসা বর্জন
iii. বিলাতি পণ্য পরিহার
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

**২৪৭. একে ফজলুল হক উপস্থাপিত লাহোর প্রস্তাবের মূল বক্তব্যের মধ্যে রয়েছে—** (অনুধাবন)
i. ভারতে একাধিক স্বাধীন রাষ্ট্র গঠন করতে হবে
ii. স্বাধীন রাষ্ট্রসমূহের প্রদেশগুলো হবে স্বশাসিত ও সার্বভৌম
iii. বাংলাদেশ নামে একটি স্বাধীন রাষ্ট্র গঠন করতে হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

**২৪৮. ফরায়েজি আন্দোলনের উদ্দেশ্য ছিল মুসলমানদের-** (অনুধাবন) [রাজশাহী সরকারি সিটি কলেজ]
i. অনৈসলামিক কার্যকলাপ থেকে বিরত রাখা
ii. ফরজ পালনে উদ্বুদ্ধ করা
iii. জমিদার ও নীলকরদের বিরুদ্ধে সংগ্রামে উৎসাহী করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

**অনুচ্ছেদটি পড়ে ২৪৯ ও ২৫০ নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব রহমত দীর্ঘদিন যাবৎ বিদেশে অবস্থান শেষে দেশে ফিরে লক্ষ করেন, দেশের মুসলমান সমাজ নানাবিধ কুসংস্কার ও অনৈসলামিক রীতিতে মগ্ন। তাছাড়া একশ্রেণির উচ্চপদস্থ ব্যক্তিদের অত্যাচারে মুসলমানদের জীবন দুর্বিষহ হয়ে পড়েছে। এ অবস্থায় জনাব রহমত একটি আন্দোলন পরিচালনা করেন।

**২৪৯. জনাব রহমতের পরিচালিত আন্দোলনটি বাংলার কোন আন্দোলনের প্রতিনিধিত্ব করছে?** (প্রয়োগ)
ক নীল বিদ্রোহ খ ফরায়েজি আন্দোলন
গ সিপাহি বিদ্রোহ ঘ ভাষা আন্দোলন **খ**

**২৫০. উক্ত আন্দোলনের মূল লক্ষ্য ছিল—** (উচ্চতর দক্ষতা)
i. মুসলমানদের সচেতন করা
ii. ব্রিটিশদের এদেশ থেকে বিতাড়িত করা
iii. বাংলার অর্থনৈতিক ভারসাম্য রক্ষা করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

**উদ্দীপকটি পড়ে ২৫১ ও ২৫২ নং প্রশ্নের উত্তর দাও:**
ব্রিটিশ ভারতে ব্রিটিশ পৃষ্ঠপোষকতায় একটি দলের আত্মপ্রকাশ ঘটে। তাই এটি প্রথম পর্যায়ে সরকারের সাথে সহযোগিতা ও নরমপন্থা অবলম্বন করলেও পরবর্তী ঘটনা প্রবাহের পরিপ্রেক্ষিতে নানামুখী কর্মসূচির মাধ্যমে ভারতীয় নবচেতনা ও আশা-আকাঙ্ক্ষার প্রতীক হয়ে ওঠে।

**২৫১. উদ্দীপকে কোন সংগঠনটিকে ইঙ্গিত করা হয়েছে?** (প্রয়োগ)
ক ইন্ডিয়া এসোসিয়েশন
খ বেঙ্গল এসোসিয়েশন
গ সর্ব ভারতীয় জাতীয় কংগ্রেস
ঘ সর্বভারতীয় মুসলিম লীগ **গ**

**২৫২. উক্ত সংগঠনটি যে কারণে ভারতীয় রাজনৈতিক অঙ্গনে স্থায়ী আসন করে নেয় তা হলো—** (অনুধাবন)
i. ভারতের স্বাধীনতা সংগ্রামে অগ্রণী- ভূমিকা পালন
ii. মুসলমান সমাজে ইংরেজি শিক্ষার প্রসার
iii. হিন্দু-মুসলিম দ্বন্দ্ব দূর করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

**অনুচ্ছেদটি পড়ে ২৫৩ ও ২৫৪ নং প্রশ্নের উত্তর দাও:**
'X' এলাকাকে 'Y' থেকে ভেঙে জেলা ঘোষণা করার উদ্যোগ গ্রহণ করা হলে 'X' এলাকার লোকজন আনন্দিত হয়। কিন্তু 'Y' এলাকার জনগণ এই ঘটনার বিরোধিতা করে। পরিস্থিতির এক পর্যায়ে 'Y' এলাকায় ধর্মঘট পালিত হয়।

**২৫৩. 'X' এলাকার জনগণকে কাদের সাথে তুলনা করা যায়?** (প্রয়োগ)
ক বঙ্গভঙ্গের বিরোধিতাকারীদের সঙ্গে
খ বঙ্গভঙ্গকালীন হিন্দু সম্প্রদায়ের সঙ্গে
গ বঙ্গভঙ্গের স্বপক্ষের জনগণের সঙ্গে
ঘ স্বদেশী আন্দোলনকারীদের সঙ্গে **গ**

**২৫৪. 'X' এলাকার লোকের উক্ত এলাকা জেলা ঘোষণার উদ্যোগে আনন্দিত হওয়ার কারণ—** (উচ্চতর দক্ষতা)
i. এতে এলাকার উন্নয়ন ত্বরান্বিত হবে
ii. এতে জীবনযাত্রার মান উন্নত হবে
iii. এতে সংখ্যাগরিষ্ঠ সম্প্রদায় হিসেবে স্বার্থ সংরক্ষিত হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

Teachingbd.com